

সীমিত

খাতওয়ারী নভেম্বর ২০১৮ সালের সাফল্য- বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী

১। সর্বমোট অর্জন। বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী নভেম্বর ২০১৮ মাসে সর্বমোট ১২৫ কোটি ৩৫ লক্ষ ৫৬ হাজার ১২০ টাকা মূল্যের অবৈধ মালামাল আটক করে।

২। চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে আটককৃত উল্লেখযোগ্য সাফল্য। নভেম্বর ২০১৮ মাসে চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে সর্বমোট ২২ কোটি ৭৫ লক্ষ ০৬ হাজার ১২০ টাকার অবৈধ পণ্য আটক করা হয়। আটককৃত বিভিন্ন দ্রব্যের বিবরণ নিম্নরূপঃ

ক্রমিক	আটককৃত মালামাল	পরিমাণ	মূল্য (টাকা)
<b>চোরাচালান পণ্য</b>			
১।	অকটেন/ডিজেল/তৈল	১,৬০০ লিটার	৯৬,০০০/০০
২।	চারু	৯৯০ পিস	১,৯৫,৪০০/০০
৩।	এ্যাংকর	০৩ টি	১৫,০০০/০০
৪।	হাজার মাছের শটকি	৮০০ কেজি	৪,০০,০০০/০০
<b>অস্ত্র উদ্ধার</b>			
১।	অস্ত্র	০১ টি	-
৩।	রামদা/ছুরি/চাপাতি	০২ টি	-
<b>মৎস্য সম্পদ</b>			
১।	কারেন্ট জাল	১,৫৯,৫৫,৭০০ মিটার	৫৫,১৪,৭৪,৫০০/০০
২।	বেহন্দি/মশারি জাল	৪২১ পিস	২,১১,৫০,০০০/০০
৩।	অন্যান্য জাল	৫৭,০৩,৩০০ মিটার	৪৪,৯৪,০৩,০০০/০০
৪।	জাটকা	১০,৪১৫ কেজি	২৬,১২,৫০০/০০
৫।	রেনু পোনা	১,০০০ কেজি	১২,০০,০০০/০০
৬।	বোট	০৩ টি	২,১০,০০০/০০
<b>মাদকদ্রব্য</b>			
১।	ইয়াবা	৪,১১,২২৬ পিস	২০,৫৬,১৩,০০০/০০
২।	গাঁজা	২০০ গ্রাম	৪,০০০/০০
৩।	মোবাইল	০১ টি	৮,০০০/০০
৪।	নগদ টাকা	-	১৩২০/০০
<b>বনজ সম্পদ</b>			
১।	বিভিন্ন প্রকার কাঠ	৩৪৫.৯১ ঘনফুট	৫,২৬,৯০০/০০
<b>পরিবশে রক্ষা</b>			
১।	তক্ষক	০২ টি	১,৯৮,০০,০০০/০০
২।	হরিণের মাথা	০১ টি	-
৩।	হরিণের চামড়া	০৩ টি	-
৪।	হরিণের মাংস	৪০ কেজি	-
৫।	পলিথিন	৪,০১০ কেজি	১,৯৬,৫০০/০০
<b>আটককৃত বাহন</b>			
১।	বোট/ট্রাক/ভ্যান	০৫ টি	৬,৫০,০০০/০০
<b>আটককৃত জনবল</b>			
১।	বনদস্যু/ডাকাত/অন্যান্য অবৈধ কাজে জড়িত ব্যক্তি	২১ জন	-
<b>উদ্ধার অভিযান</b>			
১।	জেলে/যাত্রী উদ্ধার	০৫ জন	
<b>সর্বমোট</b>			<b>১২৫,৩৫,৫৬,১২০/০০</b>

৩। মৎস্য সম্পদ রক্ষা অভিযান। মৎস্য সম্পদ রক্ষা অভিযানে নভেম্বর ২০১৮ মাসে সর্বমোট ১০২ কোটি ৬০ লক্ষ ৫০ হাজার টাকার ১,৫৯,৫৫,৭০০ মিটার কারেন্ট জাল, ৫৭,০৩,৩০০ মিটার অন্যান্য জাল, ১০,৪১৫ কেজি জাটকা, ৪২১ পিছ বেহন্দি/ মশারি জাল, ১,০০০ কেজি রেনু পোনা ও ০৩ টি বোট আটক করা হয়।

## সীমিত

৪। রোহিঙ্গা অনুপ্রবেশ রোধ। সম্প্রতি মায়ানমারের বর্ডার গার্ড পুলিশ ও রোহিঙ্গাদের মধ্যে সৃষ্ট অস্থিরতার প্রেক্ষিতে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর স্টেশান টেকনাক, সেন্টমার্টিন্স ও আউটপোস্ট বাহারছড়া ও শাহপুরীতে অতিরিক্ত জনবল মোতায়েন করা হয়েছে। পাশাপাশি উক্ত স্থানসমূহে সর্বোচ্চ প্রস্তুতি অবলম্বনের মাধ্যমে সার্বক্ষণিক বিশেষ টহল চলমান রয়েছে। এছাড়াও, কোস্ট গার্ড বাহিনী বহরে সদ্য সংযোজিত লিডার ক্লাস অফশোর পেট্রোল ভেসেল (ওপিভি) সমূহ এ কার্যক্রমে নিয়োজিত রয়েছে। কোস্ট গার্ড বাহিনী দায়িত্বপূর্ণ এলাকায় টহল জোরদার করেছে এবং উক্ত এলাকায় অবৈধ অনুপ্রবেশকারীদের গতিবিধির উপর কঠোর নজরদারি বজায় রেখে অবৈধ অনুপ্রবেশ রোধ করা হচ্ছে।

৫। মানব পাচার। গত ০৮ নভেম্বর ২০১৮ বাংলাদেশ হতে আবধভারে সমুদ্রপথে মালয়েশিয়া গমনকালে সেন্টমার্টিন্স দ্বীপের অদূরে গভীর সমুদ্রে ০৬ জন পাচারকারী এবং নারী, পুরুষ ও শিশুসহ সর্বমোট ২৯ জন রোহিঙ্গা ও ০৪ জন বাংলাদেশীকে আটক করা হয়েছে।

৬। বিশেষ অভিযান। গত ২১ নভেম্বর ২০১৮ তারিখে বিসিজি বেইস ভোলা গোপন সংবাদের মাধ্যমে ভোলা জেলার সদর উপজেলার ইলিশা ঘাট সংলগ্ন মেঘনা নদীতে অভিযান পরিচালনা করে। উক্ত অভিযানে ০২ জন ডাকাতসহ ০১ টি দেশীয় অস্ত্র, ০২ টি দা, ০১ টি মোবাইল ফোন ও ০১ টি ইঞ্জিন চালিত কাঠের বোট আটক করা হয়। পরবর্তীতে আটককৃত ডাকাত ও মালামাল ভোলা সদর থানায় হস্তান্তর করা হয়।

৭। অবৈধভাবে সমুদ্রসীমা অতিক্রমকারী বিদেশী নাগরিক/ মৎসজীবীদের পরিসংখ্যান। নভেম্বর ২০১৮ মাসে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী কর্তৃক অবৈধভাবে সমুদ্রসীমা অতিক্রমকারী বিদেশী নাগরিক/ মৎসজীবী আটক করা হয় নাই।